সচিবালয়ে অগ্নিকাণ্ড পরিকল্পিত, দাবি নুরুল হক নুরের

written by Chandradip News24 | December 27, 2024

গণ অধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুর বলেছেন, সচিবালয়ের ৭ নম্বর ভবনে ঘটে যাওয়া অগ্নিকাণ্ড একটি দুর্ঘটনা নয়, বরং এটি পরিকল্পিত। বৃহস্পতিবার (২৬ ডিসেম্বর) সচিবালয়ের আগুনে ক্ষতিগ্রস্ত ভবন পরিদর্শন শেষে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন।

নুরুল হক নুর আরও বলেন, “এলজিআরডি এবং ডাক ও টেলি যোগাযোগ উপদেষ্টার কক্ষে অতীতে সরকারের দুর্নীতির অনেক আলামত সংরক্ষিত ছিল।” তিনি এই ঘটনার মাধ্যমে সরকারের জন্য একটি শিক্ষা দেখতে চান এবং বলেন, “এখনই সময় সরকারি নথিপত্র ডিজিটালাইজ করার এবং পুরোনো যন্ত্রপাতি থেকে বেরিয়ে আধুনিক ফায়ার সার্ভিস সরঞ্জাম যুক্ত করার।”

তিনি আরো বলেন, “আগের মতো সময়ক্ষেপণ না করে দ্রুত সুষ্ঠু তদন্ত

প্রতিবেদন জমা দেওয়া উচিত।”

বুধবার (২৫ ডিসেম্বর) রাত ১টা ৫২ মিনিটে রাজধানীর সেগুনবাগিচায় অবস্থিত সচিবালয়ের ৭ নম্বর ভবনে আগুনের সূত্রপাত হয়। ফায়ার সার্ভিসের কর্মীরা আগুন নেভাতে কাজ শুরু করেন রাত ১টা ৫৪ মিনিটে। প্রায় ৬ ঘণ্টা চেষ্টার পর বৃহস্পতিবার সকাল সোয়া ৯টার দিকে আগুন নিয়ন্ত্রণে আনা হয়।

এদিকে, আগুন নেভানোর কাজ করতে গিয়ে ফায়ার সার্ভিসের এক সদস্য ট্রাকচাপায় নিহত হয়েছেন। তার নাম সোহানুজ্জামান নয়ন। ফায়ার সার্ভিসের মহাপরিচালক (ডিজি) ব্রিগেডিয়ার জেনারেল জাহেদ কামাল এই তথ্য জানান।

“মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম”